স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম

হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

স্বল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ— ২২শে মাঘ বুধবার ১৩৭০ ইংরাজী 5th Feb. 1964 { ৩৪শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. 3eaur 7

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

[illegible] এই কুকারটির নিয়ত ব্যবহার প্রত্যহ আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

বিপুলতা আবার।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
১৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়. নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে

জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেন্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ (বাস ষ্ট্যাণ্ড)

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২২শে মাঘ বুধবার সন ১৩৭০ সাল।

# দূরদৃষ্টি ও দুরদৃষ্ট

পরিণাম সম্বন্ধে সতর্কতার নাম "দূরদৃষ্টি"। মন্দ ভাগ্যের নাম দুরদৃষ্ট। দূরদৃষ্টির অভাবে অনেক সময় দুরদৃষ্ট আসিয়া পড়ে।

দূরদৃষ্টিসম্পন্ন ব্যক্তিগণ অগ্রপশ্চাৎ বিবেচনা করিয়া বা অন্য বুদ্ধিমান ব্যক্তির পরামর্শ লইয়া কার্য্য করিয়া থাকেন। যদি একজনের বুদ্ধিতে না কুলায় তজ্জন্য অনেকে একত্রিত হইয়া যুক্তি তর্ক দ্বারা উপায় ও অপায় উভয় দিকেই বিচার বিবেচনা করিয়া যদি বিফলকাম হয় তবুও সান্ত্বনা বাক্য "দশে মিলি করি কাজ হারি জিতি নাহি লাজ" বলিয়া মনকে প্রবোধ দিতে পারে।

আমরা সুদীর্ঘ ষোল বৎসর হইল স্বাধীনতা নামক দেবদুর্লভ বস্তু নামেই প্রাপ্ত হইয়াছি। কাজে পদে পদে পরাধীনতা উপভোগ করিতে বাধ্য হইতেছি। ভারতবর্ষ দুই অংশে বিভক্ত হইয়া দুইটি স্বাধীন দেশে পরিণত হইয়াছে—ভারতরাজ্য ও পাকিস্থান। ইহার কোন অংশের অধিবাসী কি বুক ফুলিয়ে বলিতে পারে আমরা বেশ সুখে আছি? যে দেশের লোকেরা মোটা খাদ্য মোটা পরিধেয় না পায়, সুখ তাহাদের কোনখানে? সিনেমা দেখে না রেডিওর গান ও বক্তৃতা শুনে? ক্ষুধার চোটে পেটে হরিণ লাফাচ্ছে তখন যদি তাকে গীতা বা কোরাণ শরিফের বয়েদ শোনান যায় তার ক্ষুধা তাতে যাবে কি?

ইংরাজ যেমনটি ছেড়ে দিয়ে গেল তেমনটিই রেখে যদি ধীরে ধীরে ওদের সব বাহাল রেখে মিতব্যয়ী হয়ে উন্নতির পথে একটু একটু ক'রে এগিয়ে যেতো, এত নাচার হ'য়ে পড়তে হতো না। স্বাধীনতার নাম দিয়ে ইংরাজ কিছু দেন নাই। যা দিয়েছিলেন তার নাম "ডোমিনিয়ন ষ্টেটাস্" তাই পেয়েই হুজুররা দিনে তারা দেখতে শুরু করলেন।

এ দেশকে হাতী দাও ও দেশকে হাতী দাও বলে মদমত্ত মাতঙ্গের মত কি ছিলাম কি হ'লাম বলে অহঙ্কারে পথ হারালেন। এই সদ্যমুক্ত দীন দুঃখীর দেশকে ইংরাজের লণ্ডন বা আমেরিকার ওয়াশিংটনের মত সমৃদ্ধিশালী করে তুলবার জন্য ব্যস্ত হয়ে উঠলেন। যে দেশে সততা ব'লে জিনিষ নাই, সেই দেশে ঘরের টাকা পরের হাতে দিয়ে নিজের ধ্বংস নিজে ডেকে আনতে সুরু করলেন। কত টাকা যে অযথা চোরের ভোগে লাগিয়ে দেশের টাকা নিয়ে খোলাং কুচির মত ছিনি মিনি খেলতে লাগলেন। কোন্ কাজটায় ইঁহারা সফলকাম হয়েছেন তা দেখাতে পারেন কি? জিজ্ঞাসা ক'রতে ইচ্ছা হয়, বাপুহে যখন বাপ ম'রে তার সব টাকার মালিক হ'লে তখন ভারতের টাকা যেমন করে 'ন দেবায় ন ধর্ম্মায়' ব্যয় করলে তেমন করেছিলে কি দয়াময়রা? জীপ ক'খানা কিনেছিলে? প্রি-ফেব্রিকেটেড তাসের ঘর কতগুলি তৈরী করে টাকাগুলি জাহান্নমে দিয়েছিলে?

দেশে যেমন বাংলা দেশের এককালে কর্ত্তাভজার ঢেউ উঠেছিল, এই অপরিণামদর্শী দূরদৃষ্টিহীন কর্ত্তারা তেমনি কর্ত্তা সেজে বসলো। তখন বোঝা গেল এঁরা ঠিক কর্ত্তা ভজা দলের কর্ত্তাই হয়েছেন। বাংলার কবি দাশরথি রায়—সেকালের বাংলার কর্ত্তাদের উপমা দিয়ে ছড়া লিখেছিলেন সেটা শুনুন—

যেমন ঢেঁকীশালে কুকুর কর্ত্তা
বনে কর্ত্তা পশু
শ্মশানেতে ভূত কর্ত্তা
চোরের কর্ত্তা যাদু
গোরস্থানে মামদো কর্ত্তা
ভাগাড়ে কর্ত্তা দানা।
ছাতনীতলায় পেত্নী কর্ত্তা
শেওড়াতলায় গোনা।
(যেমন) মাঠে ঘাটে রাখাল কর্ত্তা
আঁতুড়ের কর্ত্তা দাই
(যেমন) ভেড়ার গোয়ালে বাছুর কর্ত্তা
এ সব কর্ত্তাও তাই।

অপরিণামদর্শিতার ফলে অমিতব্যয়িতা দেশের সর্ব্বনাশের হেতু হয়েছে।

তারপর এক এক পঞ্চবার্ষিক পরিকল্পনার সঙ্গে সঙ্গে ইংরাজ আমলের চোর কর্ম্মচারীবর্গ যে চুরি-কল্পনা করিয়া পূর্ত্ত কার্য্যের ধূর্ত্ততার ফাঁদে ফেলিয়া শিব গড়াতে কত বাঁদর গড়েছে তার ইয়ত্তা নাই। ইংরাজরা এমন হৈ হৈ রৈ রৈ ক'রে লাগে টাকা দিবে গৌরী সেন এটা কখনও ভাবেনি। নূতন কর্ত্তারা কত ধানে কত চাল হয় না ভেবেই লাগাও বাজী বলে নেমে পড়ে তখন ডাইনে আনতে বাঁয়ে কুলায় না। এক পঞ্চ বার্ষিক পরিকল্পনার ঠেলায় মা লক্ষ্মী বেরিয়ে গেছেন। দ্বিতীয় পঞ্চ বার্ষিক আসতে না আসতে কর্ত্তারা মিতব্যয়ী হবার চেষ্টা করছেন কেন? ভাবিতে উচিত ছিল প্রতিজ্ঞা যখন। কর্ত্তারা মোটা মোটা মাইনে নিয়ে দুধে ভাতে খান কাজেই কুত্তারাও তাদের চাল চালতে গিয়ে দুর্নীতির সাহায্যে মজুত ফাঁক করেন। তাদের দূরদৃষ্টির অভাব দেশের দুরদৃষ্ট সৃজন করেছে। দূরদৃষ্টি না থাকায় দুরদৃষ্ট লাভ এটা স্বীকার করুন আর নাই করুন মনে মনে বুঝছেন ষোল বৎসরেই এই দশা প্রাপ্তি হয়েছে।

---

## কর্ত্তব্য কর্ম্ম পালনে পুরস্কার

শক্তিপুর মহিমচন্দ্র ইনষ্টিটিউশনে অনুষ্ঠিত একটি সভায় শক্তিপুর স্বাস্থ্যকেন্দ্রের কর্ম্মী শ্রীমৃত্যুঞ্জয় গাঙ্গুলী ও সদর হাসপাতালের মেল-নার্স শ্রীমোহিনী মোহন নাথকে গ্রামবাসিগণ পুরস্কৃত করেন। এই কর্ম্মীদ্বয় গত অক্টোবর মাসে শক্তিপুর অঞ্চলে কলেরার মহামারীর সময় অক্লান্ত ও নিষ্ঠাপূর্ণ সেবাকার্য্য করিয়াছিলেন। এই সভায় সভাপতির আসন গ্রহণ করেন মুর্শিদাবাদের জেলা শাসক শ্রীসুশীলচন্দ্র চক্রবর্ত্তী এবং চীফ মেডিক্যাল অফিসার অফ হেলথ ডাঃ রবীন্দ্রনাথ রায় চৌধুরী প্রধান অতিথির আসন গ্রহণ করেন। অঞ্চল প্রধান শ্রীসাতকড়ি সাহা গ্রামবাসীদের পক্ষ হইতে কর্ম্মীদ্বয়কে অভিনন্দন জ্ঞাপন করেন।

---

# এখন ফসল কাটা হয়ে গেল
# সঞ্চয়ের কথা ভাবুন



পল্লী বাঙলার ঘরে ঘরে এখন নতুন শস্যের সমারোহ। শস্যের এই প্রাচুর্যই এনে দেবে আর্থিক স্বচ্ছলতা। আর্থিক সঙ্গতির দিনে বিবেচক ব্যক্তিমাত্রই সঞ্চয়ের কথা ভাবেন, কারণ সবদিনই তো সমান ভালো যায় না। তাই নিজের ও নিজের পরিবারের সকলের কথা ভেবে আপনি যথাসম্ভব খরচ বাঁচিয়ে যতটা বেশী পারেন সঞ্চয় করুন। আর সেই সঞ্চয় সর্বাধিক নিরাপত্তার সঙ্গে লাভজনক ভাবে লগ্নী করার সহজ উপায় হ'ল জাতীয় সঞ্চয় পরিকল্পনায় বিনিয়োগ করা। এই সঞ্চিত টাকায় শুধু আপনার পারিবারিক মঙ্গলই হবে না, হবে সমগ্র দেশের মঙ্গল। আপনার অঞ্চলের পথঘাট, শিক্ষাপ্রতিষ্ঠান, চিকিৎসা কেন্দ্র, কৃষি উন্নয়ন প্রভৃতি দেশ-গঠনের কল্যাণকর কাজে নিয়োজিত হবে এই টাকা।

### জাতীয় সঞ্চয় পরিকল্পনায় লগ্নী করুন

* ১২-বছর মেয়াদী জাতীয় প্রতিরক্ষা সার্টিফিকেট : সুদের হার ৬¾%
* ১০-বছর মেয়াদী প্রতিরক্ষা ডিপোজিট সার্টিফিকেট : সুদের হার ৪½%
* ১৫-বছর মেয়াদী অ্যানুইটি সার্টিফিকেট : সুদের হার ৪·২৫% (চক্রবৃদ্ধি হারে)
* পোস্ট অফিস সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউণ্ট : সুদের হার ৩% (মাত্র ২৲ টাকায় অ্যাকাউণ্ট খোলা যায়)
* ক্রমবর্ধমান নির্দিষ্ট মেয়াদী ডিপোজিট পরিকল্পনা: সুদের হার ৩·৩% থেকে ৪·৩%

( এই সব লগ্নী করমুক্ত )

বিস্তারিত বিবরণের জন্য নিকটবর্তী পোস্ট অফিসে অনুসন্ধান করুন

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রচারিত

# আপনার সঞ্চয় জাতির শক্তি

WB-30

## সাধারণতন্ত্র দিবস

২৬শে জানুয়ারী রবিবার জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ সহরে এবং মহকুমার বিভিন্ন স্থানে সাধারণতন্ত্র দিবস যথারীতি প্রতিপালিত হইয়াছে। জঙ্গিপুর ফৌজদারী আদালত ভবনে মহকুমা শাসক শ্রীবিমলকুমার রায় চৌধুরী মহাশয় জাতীয় পতাকা উত্তোলন করেন এবং এন. সি. সি., হোমগার্ড ও পুলিশ বাহিনীর অভিবাদন গ্রহণ করেন। উক্ত সময়ে সরকারী কর্ম্মচারিবৃন্দ ও জনসাধারণ উপস্থিত ছিলেন। সরকারী ও বেসরকারী অফিস সমূহে, সমস্ত বিদ্যালয়ে এবং নাগরিকগণের বাড়ীতে জাতীয় পতাকা উত্তোলিত হয়। জঙ্গিপুর কলেজে সর্ব্বধর্ম্ম প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়।

---

জাতীয় ম্যালেরিয়া উচ্ছেদ পরিকল্পনা, সংস্থার

## কার্য্য পরিদর্শন

গত ২৯শে জানুয়ারী বুধবার জঙ্গিপুরে অবস্থিত জাতীয় ম্যালেরিয়া উচ্ছেদ পরিকল্পনা সংস্থা—মুর্শিদাবাদ (উত্তর) এর কার্য্যপ্রণালী পরিদর্শন জন্য ডব্লিউ. এইচ. ও. এর একজন প্রতিনিধি, ইউ. এস. এ আই. ডি এর একজন প্রতিনিধি, এ্যাসিষ্টান্ট ডিরেক্টর অব পাবলিক হেল্‌থ, বিভাগীয় অন্যান্য অফিসার সহ মুর্শিদাবাদের চিফ মেডিক্যাল অফিসার সমভিব্যাহারে জঙ্গিপুর আগমন করেন। তাঁহারা এই সংস্থার গত দুই বৎসরের বিভিন্ন কাজ পরিদর্শন করিয়া বিশেষ সন্তুষ্ট হইয়াছেন। তাঁহারা স্থানীয় মেডিক্যাল অফিসার শ্রীঅরুণকুমার দত্ত, এম-বি-বি-এস ও তাঁহার সহকর্ম্মিগণের সহিত বিভিন্ন বিষয়ে আলাপ আলোচনা করেন। পরিদর্শকগণ সাগরদীঘি, নবগ্রাম, জিয়াগঞ্জ ও মুর্শিদাবাদ এই চারিটি থানায় ডি-ডি-টি স্প্রে আবশ্যক হইবে না বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন। শ্রীমান্ অরুণকুমার এই জঙ্গিপুরের ছেলে—তাঁহার ও তাঁহার সহকর্ম্মিগণের কার্য্য পরিদর্শনে পরিদর্শকগণ বিশেষ সন্তুষ্ট হওয়ার জন্য আমরাও বিশেষ আনন্দিত হইয়াছি। শ্রীমান্ ও তাঁহার সহকর্ম্মিগণ উত্তরোত্তর উন্নতির পথে অগ্রসর হউন ইহাই ভগবৎ সমীপে প্রার্থনা করি।

---

## পদ্মভূষণ উপাধি

রঘুনাথগঞ্জের অনতিদূরবর্ত্তী গদাইপুর গ্রামের স্বর্গীয় ছকড়িলাল মুখোপাধ্যায় মহাশয়ের সুযোগ্য পুত্র বর্ত্তমানে এলাহাবাদ প্রবাসী এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের প্রাক্তন অধ্যক্ষ শ্রীঅনুকূলচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় সাধারণতন্ত্র দিবসে 'পদ্মভূষণ' উপাধি লাভ করিয়াছেন। তাঁহার উপাধি প্রাপ্তির জন্য গত ২৭শে জানুয়ারী স্থানীয় বিদ্যালয়সমূহ টিফিনের সময় ছুটি ঘোষণা করে। তাঁহার উপাধি প্রাপ্তির জন্য জঙ্গিপুরবাসী গৌরব অনুভব করিতেছে।

---

## কারেন্সি নোট বিকৃত করা অন্যায়

দেখা গিয়াছে যে, অনেক ব্যাঙ্ক ও ব্যবসায় প্রতিষ্ঠান কারেন্সি ও ব্যাঙ্ক নোটের উপর তাহাদের প্রতিষ্ঠানের ছাপ (মোহর) মারিয়া দেয়। সাধারণ নাগরিকগণও অনেক সময় কারেন্সি নোটের উপর কিছু না কিছু লিখিয়া তাহা বিকৃত করিয়া থাকেন। ইহার ফলে নোটগুলির আয়ু কমিয়া যায়। এ সব বিকৃত নোট পুনরায় ছাপিবার জন্য কাগজ আমদানী করিতে হয়। কাজেই অকারণ ব্যয় বাড়িয়া যায়। জাতীয় অর্থনীতির স্বার্থে সকলকে অনুরোধ জানানো হইয়াছে যে, তাঁহারা যেন এভাবে নোটগুলির উপর ছাপ দিয়া বা কিছু লিখিয়া তাহা বিকৃত বা নোংরা না করেন।

---

রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের

## বার্ষিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা

গত ২রা ফেব্রুয়ারী রবিবার রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কের দক্ষিণ পার্শ্বস্থ খেলার মাঠে রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় মহাশয় এই অনুষ্ঠানে সভাপতিত্ব ও পুরস্কার বিতরণ করেন। দুইটি ছাত্র 'চ্যাম্পিয়নশিপ' লাভ করায় উক্ত পুরস্কার বিতরণ স্থগিত আছে।

---

## রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা

গত ৩০শে জানুয়ারী বৃহস্পতিবার জঙ্গিপুর ফৌজদারী কাছারী প্রাঙ্গণে রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের বার্ষিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা সম্পন্ন হইয়াছে। মহকুমা শাসক মহোদয়ের সহধর্ম্মিণী শ্রীমতী শিবানী রায় চৌধুরী মহোদয়া বিজয়িনীদের পারিতোষিক বিতরণ করেন। প্রতিযোগিতা দেখিবার জন্য বহুলোক সমবেত হইয়াছিলেন।

---

## মুর্শিদাবাদ জেলা গজদন্ত শিল্প প্রতিযোগিতা

মুর্শিদাবাদ জেলা গজদন্ত শিল্পীদের জন্য বর্ত্তমান বৎসর জেলা শিল্প অধিকার যে গজদন্ত শিল্প প্রতিযোগিতার উদ্যোগ করেন, তাহাতে বহরমপুর খাগড়া ও জিয়াগঞ্জ হইতে মোট ৩০ জন গজদন্ত শিল্পী যোগদান করেন। উক্ত প্রতিযোগিতায় বিচারক ছিলেন জেলা সমাহর্তা শ্রীসুশীলচন্দ্র চক্রবর্ত্তী শিল্প বিভাগের সহকারী ডিরেক্টর শ্রী এস, এম, গোস্বামী, কো-অপারেটিভ এসিষ্ট্যান্ট রেজিষ্ট্রার শ্রীএ, পি, মল্লিক এবং ডিষ্ট্রীক্ট ইনডাষ্ট্রীয়াল অফিসার শ্রী বি, বি, নন্দী।

এই বৎসর গজদন্ত শিল্পীদের শিল্প কার্য্যের প্রতিযোগিতায় নিম্নলিখিত শিল্পীবৃন্দ পুরস্কার লাভ করিয়াছে—১ম পুরস্কার ২৫০৲ শ্রীপ্রদ্যোৎকুমার ভাস্কর, খাগড়া (রথ) ২য় পুরস্কার ১৫০৲ টাকা শ্রীগোরচন্দ্র ভাস্কর, বহরমপুর (কুস্তিগীর) ৩য় পুরস্কার ১০০৲ শ্রীবসন্তকুমার ভাস্কর, খাগড়া (পাউডার কেস) সরকারী শিল্প বিভাগ এই প্রসঙ্গে মোট প্রায় ৪০০০৲ টাকার গজদন্ত শিল্প ক্রয় করিয়াছেন বলিয়া জানা গেল।

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**

## সংগমনের হাসপাতালের নূতন ভবন

আমেরিকার পরলোকগত প্রেসিডেন্ট কেনেডির পুণ্যস্মৃতিতে একটি বিমানঘাঁটি এবং একটি রকেট-ঘাঁটির নাম ইতিপূর্ব্বে পরিবর্তিত করা হয়েছে; নূতন নাম রাখা হয়েছে কেনেডির নামে। এই দুইটিই যুক্তরাষ্ট্রে। এই সব বিরাট ব্যাপারের সঙ্গে তুলনীয় না হলেও উল্লেখযোগ্য একটি ঘটনা ঘটেছে সম্প্রতি মহারাষ্ট্রের এক পল্লী অঞ্চলে। এর মধ্যে রয়েছে আন্তরিকতার উত্তাপ। বোম্বাই শহর থেকে ১৫০ মাইল দূরে আমেদাবাদ জেলার ছোট শহর সংগমনের। সেখানকার ১০০ বছরের প্রাচীন মিউনিসিপ্যাল হাসপাতালে চারটি ওয়ার্ড সমেত একটি নূতন ভবন নিৰ্ম্মাণ করে তার নাম রাখা হয়েছে "কেনেডি হাসপাতাল।"

মহারাষ্ট্রের জনসংভরণ ও বাস্তু বিভাগীয় মন্ত্রী মিঃ হোমি জে এইচ তালেয়ার খাঁ গত জানুয়ারী মাসে আনুষ্ঠানিকভাবে এই কেনেডির হাসপাতালটির উদ্বোধন করেন। আধুনিক ধরণের তকতকে ঝকঝকে এই হাসপাতালটি তৈরী করতে ৩৬ হাজার টাকা লেগেছে। তার মধ্যে মহারাষ্ট্র সরকার থেকে দেওয়া হয়েছে ১০ হাজার টাকা। সংগমনের পৌর প্রতিষ্ঠান থেকে ভারত সরকারের ক্ষুদ্র সঞ্চয় পরিকল্পনার অনুকূলে প্রচার চালাবার ফলে সেখানে চাদা উঠেছিল অতিরিক্ত পরিমাণে। তার পুরস্কার-স্বরূপ ঐ ১০ হাজার টাকা দানস্বরূপ পাওয়া গিয়েছে। বাকী টাকাটা দিয়েছেন সংগমনের-বাসীরা এবং সেখানকার পৌর প্রতিষ্ঠান।

---

## ভেজাল তৈল বিক্রয়ের অপরাধে দুই বৎসর সশ্রম কারাদণ্ডাদেশ

আজিমগঞ্জের জনৈক ব্যবসায়ী রামজনম সিং ভেজাল নারিকেল তৈল বিক্রয় করিবার অপরাধে লালবাগের ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট শ্রী পি, কে, রায় কর্ত্তৃক ৩০০০৲ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হয়। অনাদায়ে দুই বৎসর সশ্রম কারাদণ্ড। ইহার পূর্ব্বে রামজনম সিং ভেজাল দ্রব্য বিক্রয়ের অপরাধে কয়েকবার অর্থদণ্ডে দণ্ডিত হইয়াছে বলিয়া প্রকাশ।

---

**W**anted a duly qualified and efficient clerk. Applications must reach within 24. 2. 64. Salary—G. A. Rules. Secretary, Raghunathganj H. S. Multi School. Raghunathganj —P. O.

---

## পাকা বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ নীলরতন কলোনীতে গৃহস্থ-পল্লী মধ্যে ছয়খানি ঘর, ইন্দারা ও স্যানিটারী পায়খানা এবং ১২ কাঠা পুকুর বিক্রয় হইবে। মথুরাপুর মাঠে সাড়ে নয় বিঘা ধানের জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন। শ্রীরঘুনাথ পাল, রঘুনাথগঞ্জ ফাঁসীতলা মুদিখানার দোকান ও পণ্ডিত-প্রেস,—রঘুনাথগঞ্জ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই মার্চ্চ, ১৯৬৪

১৯৬৩ সালের ডিক্রীজারী

৪১ মানি ডিঃ ফুসিয়াতুন বিবি দেং খুরসেদ সেখ দাবি ১৮৯ টাকা ৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইত বৈদড়া ১৮।০ শতকের কাত ।৵০ আঃ ৬৫০৲ খং ১৭০

১৪ মানি ডিঃ পশ্চিমবঙ্গ সরকার পক্ষে কালেক্টর অব মুর্শিদাবাদ দেং আপসার আলি সিদ্ধিক দিং দাবি ১১০ টাকা ৭৯ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ৯৪ শতকের কাত ২৲ আঃ ৬০০৲ খং ৭৭৬ ২নং লাট মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ২৲ আঃ ২০০৲ খং ৫০৪ ৩নং লাট মৌজাদি ঐ ৬৯ শতকের কাত ১৲৬ আঃ ৩০০৲ খং ৫০২ ৪নং লাট মৌজাদি ঐ ৫৮ শতক জমি আঃ ২৫০৲ খং ১৪৮২ রায়ত স্থিতিবান

---

## শিক্ষক আবশ্যক

Deputation Vacancy তে একজন B. A. P. G. B. T. ও সীবন (Tailoring) শিল্পে একজন (Par-time) শিক্ষক/শিক্ষিকা আবশ্যক। যোগ্যতা সীবনে Diploma অথবা কোন অনুমোদিত প্রতিষ্ঠানের Certificate. আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ২৮।২।৬৪, সম্পাদক—বন্দেশ্বর বি, সি সিনিয়র বেসিক স্কুল, পোঃ দক্ষিণগ্রাম-সাবিত্রী, জেলা মুর্শিদাবাদ।

---

### ছানী মঞ্জুর কেন হইবে না তাহার

## কারণ দর্শাইবার নোটিশ

( দেঃ কাঃ আইনের ৯ অর্ডার ৯ রুল )

মিস্ কেস নং ৪৯/৬২

জেলা মুর্শিদাবাদ

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

দরখাস্তকারী—অতুলকৃষ্ণ রায় দিং
সাং গনকর, থানা রঘুনাথগঞ্জ।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে উপরোক্ত দরখাস্তকারী বাদী অতুলকৃষ্ণ রায় দিং অত্রাদালতে ৪।৫৯ স্বত্ব মোকর্দ্দমার পুনর্বিচার জন্য ছানীর দরখাস্ত করিয়াছেন, ১।৩।৪।৭নং অপরপক্ষগণ যথা ১। শ্রীঅজিতকুমার চট্টোপাধ্যায় ৩। বলরাম চট্টোপাধ্যায় ৪। কমলাপদ চট্টোপাধ্যায় ৭। মায়ারাণী চট্টোপাধ্যায় সাং খৈরাটী থানা সাগরদীঘি অপরপক্ষগণ উক্ত নোটিশ এড়াইবার জন্য নানাস্থানে ঘুরিয়া বেড়াইতেছেন, এ কারণ এই বিজ্ঞপ্তি দিয়া প্রচার করা যাইতেছে যে আগামী ১৯৬৪ সালের ২২-২ তারিখ মধ্যে উক্ত অপরপক্ষগণের উক্ত দরখাস্ত সম্বন্ধে কোন আপত্তি থাকিলে দর্শাইবেন, অন্যথায় উক্ত দরখাস্ত উক্ত আপত্তিকারীগণের বিরুদ্ধে এক-তরফা শুনানী হইবে। ইতি

By Order,
B. Lala, Sheristadar,
2nd. Munsif.s Court, Jangipur.
29. 1. 64.



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটি আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮৩।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪১৬৬ |

---



★আই,সি,আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:-

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কাব্যরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ